গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং-৩৮.১০৯.০২২.০০.০০.০০৪.২০১৫.৭২০

তারিখ : ১৫ পৌষ, ১৪২৭।
৩০ ডিসেম্বর, ২০২০।

বিষয় : ২০২১ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণের নির্দেশিকা প্রেরণ।

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং: ৩৮.০০৯.০১৪.০৭.০০.০৪৫/২০১৫.৩৬১, তারিখ: ২৯.১২.২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২১ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণের নির্দেশিকা প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, অনুমোদিত নির্দেশিকা অনুযায়ী ২০২১ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক শ্রেণি, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর বিনামূল্যের পঠন-পাঠন সামগ্রী ও পাঠ্যপুস্তক বিতরণ করার জন্য অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে,
২ (দুই) পাতা।

মো: বাহারুল ইসলাম
উপপরিচালক (প্রশাসন)
অতিরিক্ত দায়িত্ব (বই বিতরণ শাখা)
ফোন: ৫৫০৭৪৮৮৯
ইমেইল: dpebook111@gmail.com

বিতরণ:
১। বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৩। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৩) অতিরিক্ত মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৪) পরিচালক, প্রশাসন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
৫) অফিস কপি।



Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বই বিতরণ শাখা

বিষয়ঃ ২০২১ শিক্ষাবর্ষের প্রাক-প্রাথমিক, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর বিনামূল্যের পঠন-পাঠন সামগ্রী ও পাঠ্যপুস্তক বিতরণ নির্দেশিকা।

| ক্র:নং | ২০২১ শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক বিতরণ নির্দেশিকা। |
|---|---|
| ১. | ১ম-৫ম শ্রেণির সকল ছাত্র/ছাত্রীকে শিক্ষাক্রম অনুযায়ী নির্ধারিত সবগুলো পাঠ্যপুস্তক চার রঙে-ছাপা সুদৃশ্য ও মনোরম সম্পূর্ণ নতুন বই বিনামূল্যে প্রদান করা হবে। |
| ২. | ২০২১ শিক্ষাবর্ষে মুদ্রিত প্রাক-প্রাথমিক শ্রেণীর প্রত্যেক শিক্ষার্থীর জন্য ০১ টি করে আমার বই এবং ০১ টি করে অনুশীলন খাতা সরবরাহ করা হবে। |
| ৩. | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত কারিকুলাম অনুসরণ করে; এইরূপ সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদের বিনামূল্যে পাঠ্যবই সরবরাহ করা হবে। এ প্রতিষ্ঠানসমূহ নিম্নরুপ:<br>ক) সরকারী প্রাথমিক বিদ্যালয়;<br>খ) সরকারী মাধ্যমিক / নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের সংগে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়;<br>গ) স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সংগে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়/নিম্নমাধ্যমিক বিদ্যালয়<br>ঘ) এনসিটিবির কারিকুলাম অনুসৃত হয় এমন সকল কিন্ডার গার্টেন;<br>ঙ) পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়;<br>চ) শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ছ) কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রের পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>জ) সরকারী ও স্বীকৃতিপ্রাপ্ত এতিমখানা ও শিশু পরিবারে চালু প্রাথমিক বিদ্যালয়;<br>ঝ) বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন কর্তৃক পরিচালিত কিংবা অনুমোদিত এনসিটিবি কারিকুলাম অনুসরণ করে এমন বিদ্যালয়;<br>ঞ) চা বাগানের ব্যবস্থাপনায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ট) বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা / এনজিও কর্তৃক উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ঠ) সরকার কর্তৃক বাস্তবায়িত আবাসন ও আশ্রয়ন প্রকল্পের কমিউনিটি বিদ্যালয়;<br>ড) স্থানীয় সরকার প্রতিষ্ঠান (যেমন - সিটি কর্পোরেশন,জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়;<br>ঢ) সমাজ কল্যাণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিশেষ স্কুল ( বিশেষতঃ প্রতিবন্ধীদের জন্য);<br>ণ) রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) প্রকল্পের আওতায় পরিচালিত আনন্দ স্কুল;<br>ত) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ চর জীবিকায়ন কর্মসূচী প্রকল্পের অধীন পরিচালিত বিদ্যালয়;<br>থ) উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক পরিচালিত শিখনকেন্দ্র সমূহ;<br>দ) এনসিটিবির কারিকুলাম অনুসরণ করে এমন সকল বিদ্যালয়;<br>ধ) সেকেন্ড চান্স এডুকেশন পরিচালিত বিদ্যালয় সমুহ। |
| ৪. | উপরে বর্ণিত প্রতিষ্ঠানসমূহ ছাড়াও যে কোন বিদ্যালয় বা শিক্ষা প্রতিষ্ঠান প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহের আবেদন করলে প্রকৃত শিক্ষার্থীর সংখ্যা প্রাথমিক শিক্ষা অধিদপ্তর যথাযথ যাচাই ও তদন্ত সাপেক্ষে ঐ সকল শিক্ষার্থীগণের কাছেও পাঠ্যপুস্তক পৌছানোর ব্যবস্থা গ্রহণ করবে। |
| ৫. | বিদেশে অবস্থিত যে সকল বিদ্যালয় এনসিটিবি কারিকুলাম অনুসরণ করে না এবং শুধুমাত্র একটি বা দুটি বইয়ের জন্য চাহিদা প্রেরণ করে,তাঁদেরকে অনলাইন সংস্করণ ডাউনলোড করে প্রয়োজনীয় সংখ্যক কপি করে ব্যবহার করার জন্য পরামর্শ দেয়া হবে। কোন কারণে অনলাইনে বই পাওয়া না গেলে সে ক্ষেত্রে তাদেরকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর চাহিদামত পাঠ্যপুস্তক বরাদ্দ প্রদান করবে। তবে পরিবহন খরচ সংশ্লিষ্ট দেশের বিদ্যালয়/ দুতাবাস অথবা পররাষ্ট্র মন্ত্রণালয়কে বহন করতে হবে এবং ২০ ফেব্রুয়ারী ২০২১ তারিখের মধ্যে তাদের চাহিদা পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।একই ভাবে ইংরেজি মাধ্যমের শিক্ষা প্রতিষ্ঠানকেও নির্ধারিত তারিখের মধ্যে চাহিদা প্রেরণ করে নিজ খরচে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কেন্দ্রিয় গুদাম থেকে বই সংগ্রহ করতে হবে। |
| ৬ | সকল পাঠ্যবইয়ের ইলেকট্রনিক কপি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের ওয়েবসাইটে (www.nct b.gov.bd) পাওয়া যাবে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটের (www.dpe.gov.bd) সাথেও লিংক থাকবে। |
| ৭ | এনসিটিবি ৩১ ডিসেম্বর ২০২০ তারিখের মধ্যে পাঠ্যপুস্তক উপজেলা পর্যায়ে পৌছানো নিশ্চিত করবে। এরুপ পাঠ্যপুস্তক ডেলিভারীর ক্ষেত্রে নির্ধারিত চালান ফরম ব্যবহার করতে হবে। |

মাহফুজা খাতুন ২২/১২/২০২০
মাহফুজা খাতুন
সহকারী গবেষণা কর্মকর্তা
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর, সেকশন-২, ঢাকা-১২১৬।

22/12/2020
মোঃ নবুওয়াত হোসেন সরকার
উপপরিচালক (অডিট সেল)

22/12/2020
মোঃ মিজানুর রহমান
পরিচালক (প্রশাসন)

22/12/2020
সোহেল আহমেদ
অতিরিক্ত মহাপরিচালক

Scanned with CamScanner

| | |
|---|---|
| ৮. | প্রাক- প্রাথমিক শ্রেণির পঠন পাঠন সামগ্রী ও অন্য শ্রেণির / প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক সরবরাহ ও বিতরণের জন্য পৃথক চালান ব্যবহার করতে হবে। |
| ৯. | পাঠ্যপুস্তক বিতরণের পূর্বে প্রত্যেকটি বইয়ে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিস ও বিদ্যালয়ের সীল দিতে হবে । উপজেলা শিক্ষা অফিসের বইয়ের কভারে এবং বিদ্যালয়ের সীল বইয়ের ২য়/৩য় পৃষ্ঠায় ব্যবহার করতে হবে। সীলে "বিনামূল্যে বিতরণকৃত" কথাগুলো উল্লেখ থাকতে হবে। |
| ১০ | পাঠ্যবই গ্রহণকারী শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবকের কাছ থেকে বিদ্যালয় কর্তৃক প্রাপ্তি স্বীকারপত্রে স্বাক্ষর গ্রহণ করা হবে। |
| ১১. | বেসরকারী স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্তৃক লেটারহেড প্যাডে প্রত্যয়নের মাধ্যমে ক্ষমতা প্রদত্ত প্রধান শিক্ষকের নিকট বই হস্তান্তর করতে হবে। অন্য কারও প্রত্যয়ন গ্রহণযোগ্য হবে না এবং ক্ষমতা প্রাপ্ত প্রধান শিক্ষক ছাড়া অন্য কারও নিকট বই প্রদান করা যাবে না। |
| ১২. | মুজিব বর্ষ উপলক্ষ্যে বিশেষ লোগোযুক্ত পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। |
| ১৩. | প্রতিটি পিটিআই-কে ১ম-৫ম শ্রেণির মোট ৫০ সেট, প্রত্যেক উপজেলা রিসোর্স সেন্টারকে ৩০ সেট এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) কে ৩০ সেট করে বাংলা ভার্সনের পাঠ্যপুস্তক সংশ্লিষ্ট জেলার বাফার স্টক/ উপজেলার উদ্বৃত্ত পাঠ্যপুস্তক থেকে সরবরাহ করা হবে। একইভাবে, জেলা / উপজেলার উদ্বৃত্ত পাঠ্যপুস্তক থেকে ইংরেজী ভার্সনের ১ম-৫ম শ্রেণির মোট ৫ সেট পাঠ্যপুস্তক পিটিআই-কে, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) কে ৫ সেট, প্রত্যেক উপজেলা রিসোর্স সেন্টারকে ১ সেট ও জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড'কে ৫০ সেট পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। |
| ১৪. | বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা এবং খ্রিস্টান ধর্ম ও নৈতিক শিক্ষা নামীয় পাঠ্যপুস্তক জেলা পর্যায়ে সরবরাহ করা হবে এবং উপজেলাগুলো প্রয়োজন অনুযায়ী সেখান থেকে সরবরাহ গ্রহণ করবে। |
| ১৫. | ইংরেজী ভার্সনের পাঠ্যপুস্তক জেলায় সরবরাহ করা হবে এবং উপজেলাগুলো বরাদ্দ অনুযায়ী সেখানে থেকে সরবরাহ গ্রহণ করবে। |
| ১৬. | ২০২১ শিক্ষাবর্ষে মুজিববর্ষ উপলক্ষ্যে লোগোযুক্ত সম্পূর্ণ নতুন পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে বিধায় কোন অবস্থাতেই ২০২০ শিক্ষাবর্ষের উদ্বৃত্ত পাঠ্যপুস্তক সরবরাহ/বিতরণ করা যাবে না । |
| ১৭. | পাঠ্যপুস্তক গ্রহণ, বিতরণ এবং উদ্বৃত্ত পাঠ্যপুস্তকের হিসাব রেজিষ্টারে /বালাম বইয়ে লিপিবদ্ধ করতে হবে। |
| ১৮. | ৩১ জানুয়ারি ২০২১ তারিখের মধ্যে সকল শিক্ষার্থীর মধ্যে ১০০% পাঠ্যপুস্তক বিতরণ সম্পন্ন করতে হবে এবং নির্ধারিত অনলাইন সফটওয়ারে পাঠ্যপুস্তক বিতরণ সম্পন্ন হওয়া সম্পর্কিত যাবতীয় তথ্য এন্ট্রি দিতে হবে। |
| ১৯. | অতঃপর ২৮ ফেব্রুয়ারী, ২০২১ তারিখের মধ্যে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা ঐ সফটওয়ারে সঠিকভাবে এন্ট্রি করতে হবে এবং কেবলমাত্র ঐ তথ্যের ভিত্তিতেই পরবর্তী বছরে পাঠ্যপুস্তকের সম্ভাব্য চাহিদা নিরূপণ করা হবে। লক্ষণীয় যে, এভাবে এন্ট্রিকৃত ছাত্র-ছাত্রীর সংখ্যা সর্বক্ষেত্রে ব্যবহার করা হবে। |
| ২০. | এনসিটিবি মূল্যের বিনিময়ে প্রাক-প্রাথমিক, প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর কোন পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ করবে না। |
| ২১. | জরুরি প্রয়োজন মিটানোর জন্য সকল বিভাগীয় বাফার স্টকে বিভাগীয় উপপরিচালকের কার্যালয়ে মোট চাহিদার ২% (প্রাক-প্রাথমিক শ্রেণি এবং প্রাথমিক স্তরের বাংলা ভার্সনের অতিরিক্ত পাঠ্যপুস্তক সংরক্ষণ করতে হবে। |
| ২২. | রিপিটার ছাত্র/ছাত্রীদের মাঝে পাঠ্যপুস্তক বিতরণ করা যাবে। |
| ২৩. | বিনামূল্যের প্রাক-প্রাথমিক শ্রেণি প্রাথমিক স্তর এবং নৃ-গোষ্ঠীর পঠন-পাঠন/পাঠ্যপুস্তক বিক্রির অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। |
| ২৪. | ২০২১ শিক্ষাবর্ষে ৫টি নৃ-গোষ্ঠীর ভাষায় প্রাক-প্রাথমিক টিচিং প্যাকেজ ও ১ম -২য় শ্রেণির পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। ৩য় শ্রেণির শুধুমাত্র বাংলা বিষয়ের পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে। |
| ২৫. | এ নির্দেশিকার বিষয়ে যে কোন ব্যাখ্যা বা স্পস্টিকরণ প্রদান কেবলমাত্র প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এখতিয়ারাধীন হবে। |
| ২৬. | বই বিতরণের সময় সামাজিক দূরত্ব বজায় রেখে সকল স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। |
| ২৭. | কোভিড-১৯ মোকাবেলায় প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা ও অনুশাসনসমূহ মেনে চলতে হবে। |
| ২৮. | No Mask, No Service নীতি অনুসরণ করতে হবে। শিক্ষক, শিক্ষার্থী এবং অভিভাবক এবং উপস্থিত সকলকেই Mask পরিহিত অবস্থায় বিদ্যালয়ে আসতে হবে। |

মাহফুজা খাতুন 22/12/2020
**মাহফুজা খাতুন**
**সহকারী গবেষণা কর্মকর্তা**
**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**
**মিরপুর, সেকশন-২, ঢাকা-১২১৬।**

22/12/2020
**মোঃ নবুওয়াত হোসেন সরকার**
উপপরিচালক (অডিট সেল)

22/12/2020
মোঃ মিজানুর রহমান
পরিচালক (প্রশাসন)

22/12/2020
সোহেল আহমেদ
অতিরিক্ত মহাপরিচালক

Scanned with CamScanner